

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬- ৬৬০

তারিখঃ ০৭/১০/২০২৬

"ভর্তি বিজ্ঞপ্তি"

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়ের আওতাধীন সকল ইউনিট থানা ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থ বছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী "আত্মকর্মী থেকে উদ্যোক্তা" প্রশিক্ষণ কোর্সের বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

সি	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ
১	আত্মকর্মী থেকে উদ্যোক্তা (অনাবাসিক) আসন সংখ্যা- ৩০ জন	৮ম শ্রেণী পাশ	০৫(পাঁচ) দিন	০৩/১১/২৬	০৪/১১/২০২৬ সকাল-১০.০০ টা	০৮/১১/২০২৬	০৮/১১/২০২৬খ্রিঃ

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি:

- বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ০৩ নভেম্বর, ২০২৬ খ্রি: এবং প্রশিক্ষণ শুরু ০৮ নভেম্বর, ২০২৬ খ্রি:।
- বর্ণিত কোর্সে / ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ০৬/১০/২০২৬খ্রিঃ তারিখ ২৫ থেকে ৪০ বৎসর এবং কর্ম প্রত্যাশী যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষাদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- সকল জেলা /উপজেলার আগ্রহী প্রার্থীগণ অনলাইনে <https://ytms.gov.bd> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- আবেদনকারী /প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- চূড়ান্ত প্রার্থীদের প্রশিক্ষণ শেষে MFS পদ্ধতিতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে।প্রশিক্ষণার্থীদের বিকাশ একাউন্ট এর মাধ্যমে প্রদান করা হবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর বিকাশ একাউন্ট থাকতে হবে।
- দূরবর্তীস্থানে বসবাসরত কর্ম প্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় /যুব প্রশিক্ষণ কেন্দ্র / জেলা কার্যালয়/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়াছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রেডিন) ছবি সংগে আনতে হবে।
- ক) দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী /অটিক্তিক ও তৃতীয় লিঙ্গের জন্য ৫% কোটা সংরক্ষণসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ভূক্ত যুবদের কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- এ) সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না।
- ট) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ঠ) ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no ও ই-মেইল আইডি আবশ্যিকভাবে দিতে হবে।

প্রশিক্ষণের শর্তাবলী :

- যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক স্বল্প /দীর্ঘমেয়াদী 'দক্ষতাবৃদ্ধিমূলক' প্রশিক্ষণ প্রাপ্ত যুবক/যুবনারী,
- ঋণ গ্রহণ নির্বিশেষে প্রশিক্ষণের বিষয়ে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজনে দৃশ্যমান সফলতা লাভ করেছেন (প্রশিক্ষণ বিষয়ের পাশাপাশি সম্পর্কিত অন্য কোনো প্রকল্পকেও বিবেচনায় নেয়া যাবে)
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- সৃজিত আত্মকর্ম প্রকল্পটির বয়স ন্যূনপক্ষে ০৪ বছর অতিক্রান্ত এবং পরিদর্শকালীন প্রকল্পটি পূর্ণ মাত্রায় উৎপাদনে থাকবে এবং লাভজনকভাবে পরিচালিত (অর্থাৎ টেকসই হয়েছে) হতে হবে।
- প্রকল্পের মাসিক গড় আয় ন্যূনতম ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা হতে হবে (প্রমানক থাকতে হবে)।
- সকল কোর্সের প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক উপস্থিতি সাপেক্ষে ভাতা প্রাপ্য হবেন।
- প্রকল্পের ন্যূনতম ০২ জন কর্মী নিয়োজিত (পরিবারের সদস্য বর্হিভূত) থাকবে (প্রমানক থাকতে হবে)।
- কোন প্রতিষ্ঠানের ঋণ খেলাপী হবে না।
- ক) ঋণের কিস্তি, সার্ভিস চার্জ ও সঞ্চয় প্রদানের লক্ষ্যে উদ্যোক্তার বাংলাদেশের যে কোন তফশিলি ব্যাংক হিসাব থাকতে হবে এবং তাকে হিসাবের ৩৬-৪৮ টি চেক অগ্রিম চেক (তারিখ ও টাকার পরিমান উল্লেখপূর্বক) প্রদানের ইচ্ছুক থাকতে হবে।
- এ) ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

(মোঃ আবুল কালাম)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

E-mail: ddkhulna@dyd.gov.bd

ফোন-০২-৪৪১১০৯৪৭

০৭/১০/২৬